



রাজস্ব অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় ও ৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.rad.org.com



নং-৮২.০৭.০০০০.০৭২.৫৪.০০১.২০.৪৪

তারিখঃ ০২/০২/২০২২খ্রিঃ

অফিস আদেশ

এ অধিদপ্তরের কর্মচারী জনাব রুহুল আমিন, অফিস সহায়ক এর জন্ম তারিখঃ ০১/০৩/১৯৬৩ খ্রিঃ হওয়ায় গণ কর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ধারা ৯(১) মোতাবেক ২৮/০২/২০২২ খ্রিঃ তারিখে অবসর গ্রহণ এবং ০১/০৩/২০২২ খ্রিঃ তারিখ হতে ২৮/০২/২০২৩ খ্রিঃ পর্যন্ত অবসর উত্তর ছুটিতে যাওয়ার আবেদন পেশ করেন। সংশ্লিষ্ট কর্মচারী ২৭/০৮/১৯৮৭ খ্রিঃ তারিখে চাকুরীতে যোগদান করেন এবং ২৮/০২/২০২২ খ্রিঃ পর্যন্ত তাঁর চাকুরীকাল ৩৪ বৎসর ০৬ মাস ০১ দিন। পেনশনযোগ্য চাকুরীকাল ২৫ বৎসরের উপরে হলে স্বেচ্ছায় অবসর গ্রহণের বিধান রয়েছে।

২।। সংশ্লিষ্ট কর্মচারীর ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনলাইন বেতন নির্ধারণীর আলোকে সর্বশেষ প্রাপ্য মূল বেতন = ১৭,৯২০/- টাকা। তাঁর ছুটির হিসাবে ০২ বছর ০৬ মাস ২৯ দিন পূর্ণ/গড় বেতনে এবং ২ বছর ০৯ মাস ১৭ দিন অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি জমা রয়েছে। জমাকৃত অর্ধগড় বেতনে অর্জিত ছুটিকে ২ দিন গণনা করে “পূর্ণ/গড় বেতনে অর্জিত ছুটি” হিসেবে রূপান্তর করা হলে (০২ বছর ০৯ মাস ১৭ দিন ÷ ২) = ০১ বছর ০৪ মাস ২৩ দিন সহ সর্বমোট গড় বেতনে অর্জিত ছুটি (০২ বছর ০৬ মাস ২৯ দিন + ০১ বছর ০৪ মাস ২৩ দিন) = ০৩ বছর ১১ মাস ২২ দিন হয়। ০১/০৩/২০২২ খ্রিঃ তারিখ হতে ২৮/০২/২০২৩ খ্রিঃ পর্যন্ত ০১ বছর অবসর উত্তর ছুটি (পিআরএল) পূর্ণ গড়বেতনে এবং অবশিষ্ট ০২ বছর ১১ মাস ২২ দিন ছুটি নগদায়ন (লামগ্রান্ট) মঞ্জুরী জন্য বিবেচনাযোগ্য। ছুটি জমা থাকা সাপেক্ষে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১৫/১২/২০১৫ খ্রিঃ তারিখের এসআরও নং-৩৬৯-আইন/২০১৫ অনুচ্ছেদ ১০(২)(ক) মোতাবেক ০১ (এক) বছর পূর্ণ বেতনে অবসর উত্তর ছুটি এবং একই এসআরও এর অনুচ্ছেদ ১০(২)(খ) মোতাবেক সর্বোচ্চ ১৮ (আঠারো) মাসের ছুটির বেতন নগদায়ন (লামগ্রান্ট) মঞ্জুরী হিসেবে প্রদানযোগ্য।

৩।। এমতাবস্থায়, জনাব রুহুল আমিন, অফিস সহায়ক এর আবেদনের ভিত্তিতে বিধি মোতাবেক (ক) ২৮/০২/২০২২ খ্রিঃ তারিখে অবসর গ্রহণ, (খ) ০১/০৩/২০২২ খ্রিঃ হতে ২৮/০২/২০২৩ খ্রিঃ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি এবং (গ) অবশিষ্ট ছুটি ১৮ মাসের ছুটি নগদায়ন (লামগ্রান্ট) বাবদ = (১৭,৯২০ X ১৮) টাকা = ৩,২২,৫৬০/- (টাকা তিন লক্ষ বাইশ হাজার পাঁচশত ষাট মাত্র) মহাপরিচালক মহোদয় সদয় হয়ে মঞ্জুরী জ্ঞাপন করেন।

স্বাঃ

(আবদুর রব মিয়া)

অডিট এন্ড একাউন্টস অফিসার
প্রশাসন-২ শাখা।

নং-৮২.০৭.০০০০.০৭২.৫৪.০০১.২০.৬২

তারিখঃ ০২/০২/২০২২খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার সিএএফও এর কার্যালয় সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পিএটু মহাপরিচালক, পরিচালক।
- ৩। সংশ্লিষ্ট কর্মচারীঃ জনাব রুহুল আমিন, অফিস সহায়ক।
- ৪। ব্যক্তিগত নথি।
- ৫। বিল কপি।
- ৬। অফিস কপি।

স্বাঃ
(আবদুর রব মিয়া)

অডিট এন্ড একাউন্টস অফিসার
প্রশাসন-২ শাখা